গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূঞাপুর, টাঙ্গাইল।
www.bhuapur.tangail.gov.bd

স্মারক নং-০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.২০১৯- ৯৬ তারিখ ঃ ০৩/০২/২০১৯ খ্রি.।

হাট বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূঞাপুর উপজেলার নিয়ন্ত্রণাধীন নিম্নলিখিত হাট বাজারসমূহ ১৪২৬ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদকালের জন্য ইজারা প্রদানের নিমিত্তে আগ্রহী ব্যক্তি/ইজারাদারদের নিকট থেকে নিম্নে প্রদত্ত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। বিজ্ঞপ্তি প্রকাশের দিন হতে প্রতিদিন অফিস চলাকালীন সময়ে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত জেলা প্রশাসক, টাঙ্গাইল মহোদয়ের কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, সহকারী কমিশনার(ভূমি), ভূঞাপুর, অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা, সোনালী ব্যাংক, ভূঞাপুর শাখা হতে দরপত্রের সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরৎ যোগ্য) ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। নিম্নবর্ণিত তারিখে দরপত্রসমূহ পর্যায়ক্রমে জেলা প্রশাসক, টাঙ্গাইল কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, টাঙ্গাইল, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং সহকারী কমিশনার(ভূমি), ভূঞাপুর এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জমা দেয়া যাবে। ঐ দিন বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্রসমূহ উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

প্রতিটি দরপত্রের সঙ্গে দরপত্রে উল্লিখিত অর্থের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর বরাবরে ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকী ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিতভাবে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

হাট-বাজারের বিবরণ ঃ

ক্রমিক নং	হাট-বাজারের নাম	সম্ভাব্য সরকারি মূল্য	সরকারি সম্ভাব্য মূল্য অনুয়ায়ী দরপত্র সিডিউল-এর মূল্য (অফেরৎযোগ্য)	মন্তব্য
০১	গোবিন্দপুর	১১,৩৮,৩৬৪/-	৩,০০০/-	
০২	অর্জুনা	২৫,২৬৩/-	৫০০/-	
০৩	কুঠিবয়রা	৮২,৯৫২/-	৫০০/	
০৪	চরগাবসারা নতুন হাট	৭,৫০৩/-	৫০০/	
০৫	চরচন্দনী	৬,১৮৩/-	৫০০/	
০৬	ফলদা বাজার	২৮,৬০২/-	৫০০/	
০৭	গোবিন্দাসী	১,৫৪,৪৫,৪৪২/-	৩২,২০০/-	
০৮	নিকরাইল	৭,৩০,৩৪০/-	২,২০০/-	
০৯	মাটিকাটা	৪৪,৬৭৭/-	৫০০/-	

দরপত্র ফরম বিক্রয় ও দরপত্র দাখিলের তারিখ ঃ

ক্রমিক নং	বিক্রয়ের তারিখ	দাখিলের তারিখ	মন্তব্য
০১	০৪-০২-২০১৯ হতে ১৩-০২-২০১৯	১৪-০২-২০১৯	

আগ্রহী প্রার্থী বা প্রতিষ্ঠানকে দরপত্র সিডিউল ক্রয় করে যথাসময়ে দরপত্রে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

3.2.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি
ভূঞাপুর, টাঙ্গাইল।

চলমান পাতা -২

১৪২৬ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১. বাংলা ১৪২৬ সনের ১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা বন্দোবস্ত দেয়া হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে। বাকী ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিতভাবে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি করলে উক্ত জামানত হতে ব্যয় মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে। উল্লেখ্য যে, দরপত্র দাতা ব্যতিত অন্য কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ থেকে দেয় কোন ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না ।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত দরের অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% (শতকরা পাঁচ ভাগ) টাকা আয়কর হিসাবে "আয়কর কোম্পানি ব্যতিত" খাতে কোড নং-১/১১৪১/০১২০/০১১১ এবং শতকরা ১৫% (শতকরা পনের ভাগ) টাকা মূল্য সংযোজন কর (ভ্যাট) খাতে কোড নং-১/১১৩৩/০০৩৫/০৩১১-তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে ২(দুই) প্রস্থ চালানের কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। সরকার কর্তৃক উক্ত হার পরিবর্তন করা হলে তা সরকারি নীতিমালা অনুসারে ইজারা গ্রহীতাকে পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের পূর্ববর্তী ৩ (তিন) বৎসরের গড় ইজারা মূল্য (সরকারি মূল্য) হতে কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয় বার দরপত্র আহবান করা সত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর পূর্ববর্তী তিন বৎসরের গড় ইজারা মূল্য হতে কম হয় তাহলে ইজারা প্রদানের কার্যক্রম কাঙ্খিত ইজারা মূল্য না পাওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।

৫. এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভূক্ত বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাঙ্গিয়ে প্রচার করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে ।

৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ (উপ-ইজারা) বন্দোবস্ত দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে ।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন রাখবেন।

১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. হাট-বাজারের অপরিশোধিত ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হবে।

১৬. সরকার কর্তৃক জারীকৃত যে কোন নির্দেশ ইজারাদারকে মেনে চলতে বাধ্য থাকতে হবে।

চলমান পাতা-০৩

১৭. সিডিউলের সঙ্গে সরবরাহকৃত অত্র কার্যালয়ের সীলমোহরকৃত ফরমে দরপত্র দাখিল করতে হবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

3.2.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং-০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.২০১৯- ৯৬/১(২০০)

তারিখ ঃ ০৩/০২/২০১৯ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৩১, টাঙ্গাইল-২।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩ কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪ জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৫। পুলিশ সুপার, টাঙ্গাইল।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, টাঙ্গাইল।
৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/ সার্বিক), টাঙ্গাইল।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
১০। উপজেলা নির্বাহী অফিসার, ----------------------------------- উপজেলা (সকল), টাঙ্গাইল।
১১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
১২। সহকারী কমিশনার (ভূমি), ভূঞাপুর।
১৩। মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর।
১৪। উপজেলা --- কর্মকর্তা, (সকল) ভূঞাপুর।
১৫। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, ভূঞাপুর শাখা।
১৬। চেয়ারম্যান------------------------------- ইউপি, ভূঞাপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরত/মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক জারীর প্রতিবেদন নির্ধারিত তারিখের ০২(দুই) দিন পূর্বে অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ---------------------------- ইউনিয়ন ভূমি অফিস, ভূঞাপুর। তাঁকে অত্র বিজ্ঞপ্তিটি জনসাধারণের জ্ঞাতার্থে ঢোল সহরত/মাইক যোগে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ পূর্বক জারীর প্রতিবেদন নির্ধারিত তারিখের ০২(দুই) দিন পূর্বে অত্রাফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৮। বিজ্ঞাপন ম্যানেজার, --পত্রিকা, ঢাকা/ টাঙ্গাইল। তাঁকে অত্র বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় শুধু এক দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৯। জনাব-- ইজারাদার/ প্রাক্তন ইজারাদার, ------------------------- হাট, ভূঞাপুর।
২০। জনাব-- ।
২১। নোটিশ বোর্ড।

3.2.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা হাট বাজার দরপত্র মূল্যায়ন কমিটি
ভূঞাপুর, টাঙ্গাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূঞাপুর,টাঙ্গাইল ।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯৪ তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

বরাবর
সিনিয়র সচিব
স্থানীয় সরকার বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মাধ্যম ঃ জেলা প্রশাসক, টাঙ্গাইল।

বিষয় ঃ **CPTU Website এ উপজেলার ০৪ (চার) টি হাট-বাজার ইজারার বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

সূত্র ঃ (স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯১ তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.)

উর্পযুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূঞাপুর উপজেলার ০৪ (চার) টি হাট-বাজারের ইজারা বিজ্ঞপ্তিটি প্রচারের জন্য ইতোমধ্যে দুইটি (একটি জাতীয় ও একটি স্থানীয় দৈনিক) পত্রিকার সম্পাদক বরাবর প্রেরণ করা হয়েছে। বিগত বছরে হাট-বাজার ইজারা সরকারি মূল্য ০১(এক) কোটি টাকার উর্ধ্বে হওয়ায় পিপিআর-২০০৮ এবং হাট-বাজার নীতিমালা ২.৭ ক্লজ অনুসারে বিজ্ঞপ্তিটি CPTU এর Website এ প্রচার করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায় CPTU এর Website এ প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি মহোদয়ের বরাবর প্রেরণ করা হলো।

সংযুক্ত ঃ ইজারা বিজ্ঞপ্তি ০৩ (তিন) প্রস্থ।

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯৪/১(৩) তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল ।
৩। অফিস কপি।

18.3.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯২(২) তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

বিষয় ঃ হাট-বাজারের দরপত্র বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশ প্রসঙ্গে।

উর্পযুক্ত বিষয়ে ভূঞাপুর উপজেলার ০৪ (চার) টি হাটের ১৪২৬ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তি (স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯১ তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.) আপনার পত্রিকায় (**৩ কলাম ৮ ইঞ্চি পরিমাপে**) শুধু একদিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো ।

সংযুক্ত ঃ দরপত্র বিজ্ঞপ্তি ০১(এক) ফর্দ ।

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

১। বিজ্ঞাপন ম্যানেজার,
দৈনিক মানব কণ্ঠ,
ঢাকা।

২। বিজ্ঞাপন ম্যানেজার,
দৈনিক মজলুমের কণ্ঠ,
টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯২(২)/১(৩) তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল ।
৩। অফিস কপি ।

18.3.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
ভূঞাপুর,টাঙ্গাইল ।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯৩(৩) তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

বিষয় ঃ হাট-বাজার ইজারার দরপত্রের সিডিউল প্রেরণ।

উর্পযুক্ত বিষয়ে ভূঞাপুর উপজেলার বিভিন্ন হাট-বাজারসমূহ ১৪২৬ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্তে দরপত্র বিজ্ঞপ্তির ০৩ (তিন) সেট দরপত্র ফরম বিক্রয়ের জন্য প্রেরণ করা হলো । দরপত্রসমূহ বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখে অফিস চলাকালীন সময়ে নির্ধারিত মূল্যে (অফেরত যোগ্য) বিক্রয় করা যাবে । সিডিউল বিক্রয়লব্ধ অর্থ (যদি বিক্রয় হয়) এবং অবিক্রিত সিডিউল (যদি থাকে) নিলাম ডাক শেষে এ অফিসে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো । দরপত্র সিডিউল ফটোকপি করে বিক্রয় করা যাবে । ফটোকপি করে বিক্রি করা হলে ফটোকপির টাকা কর্তন করে বিল সহ অবশিষ্ট টাকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো ।

সংযুক্ত ঃ হাট-বাজার ইজারার দরপত্র সিডিউল-০৩ (সেট)।

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, টাঙ্গাইল।
২। সহকারী কমিশনার (ভূমি), ভূঞাপুর, টাঙ্গাইল।
৩। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, ভূঞাপুর শাখা, ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৪.০৫১.১৯-১৯৩(৩)/১(৩) তারিখ ঃ ১৮/০৩/২০১৯ খ্রি.

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। জেলা প্রশাসক, টাঙ্গাইল ।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল ।
৩। অফিস কপি।

18.3.19

(ঝোটন চন্দ)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।